

মাঝে মাঝে তব দেখা পাই, চিরদিন কেন পাই না ।

কেন মেঘ আসে হৃদয়-আকাশে, তোমারে দেখিতে দেয় না ।

(মোহমেঘে তোমারে দেখিতে দেয় না ।

অন্ধ করে রাখে, তোমারে দেখিতে দেয় না ।)

ক্ষণিক আলোকে আঁখির পলকে তোমায় যবে পাই দেখিতে
ওহে 'হারাই হারাই' সদা ভয় হয়, হারাইয়া ফেলি চকিতে ।

(আশ না মিটিতে হারাইয়া- পলক না পড়িতে হারাইয়া—

হৃদয় না জুড়াতে হারাইয়া ফেলি চকিতে ।)

কী করিলে বলো পাইব তোমারে, রাখিব আঁখিতে আঁখিতে—
ওহে এত প্রেম আমি কোথা পাব, নাথ, তোমারে হৃদয়ে রাখিতে ।

(আমার সাধ্য কিবা তোমারে—

দয়া না করিলে কে পারে—

তুমি আপনি না এলে কে পারে হৃদয়ে রাখিতে ।)

আর-কারো পানে চাহিব না আর, করিব হে আমি প্রাণপণ—
ওহে তুমি যদি বলো এখনি করিব বিষয় -বাসনা বিসর্জন ।

(দিব শ্রীচরণে বিষয়— দিব অকাতরে বিষয়—

দিব তোমার লাগি বিষয় -বাসনা বিসর্জন ।)

Parjaay: Puja O Prarthana, Taal: Dadra, Style: Kafi/Kirtan
Visit www.geetabitan.com for notation and other detail